

২০১৯

বাংলা — সাম্মানিক

প্রথম সেমিস্টার

পেপার : CC-2

পূর্ণমান - ৬৫

প্রাপ্তনিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলির পরিচয় দাও। ৩+৭
- অথবা,
- (খ) উদাহরণসহ ধ্বনি, বর্ণ ও অক্ষরের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ১০
- ২। (ক) বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) ধ্বনি পরিবর্তনের যে-কোনো দুটি সূত্র বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫+৫
- ৩। (ক) প্রত্যয় কাকে বলে? উদাহরণসহ যে-কোনো এক শ্রেণির প্রত্যয়ের পরিচয় দাও। ২+৮
- অথবা,
- (খ) সমাসের সংজ্ঞা লেখো। উদাহরণসহ যে-কোনো দুই ধরনের সমাসের বিস্তৃত পরিচয় দাও। ২+৮
- ৪। (ক) স্বনিম (phoneme) কাকে বলে উদাহরণসহ লেখো। ৫
- অথবা,
- (খ) উদাহরণসহ তন্তুব ও অর্ধতৎসম শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ৫। (ক) অর্থ-সংকোচ কাকে বলে? দুটি বাংলা শব্দ অবলম্বন করে বিষয়টি বুঝিয়ে দাও। ১+৪
- অথবা,
- (খ) চাঁদ, গাজন, ইঁদারা, ধোঁয়াশা, দেশলাই— শব্দগুলির উৎস ও বিবর্তন দেখাও। ৫

Please Turn Over

৬। (ক) সংজ্ঞাসহ ঘটমান বর্তমান ও সাধারণ ভবিষ্যৎকালের পরিচয় দাও।

$2^2/2+2^2/2$

অথবা,

(খ) ব্যাকরণের ভাষায় পুরুষ কাকে বলে উদাহরণসহ আলোচনা করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

(ক) উদাহরণসহ অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনির পরিচয় দাও।

৫

(খ) বাস্কো, আইজ, গামছা, ইঙ্গুল, গল্প — এই পাঁচটি শব্দে ধ্বনি পরিবর্তনের কোন কোন নিয়ম অনুসৃত হয়েছে?

১×৫

(গ) শব্দে বিভক্তি কেন যুক্ত হয়? বিভক্তির তিন রকম ব্যবহার দেখাও।

২+৩

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) 'সাহেব' শব্দটির মধো কী কী অক্ষর আছে?

১

(খ) একটি যৌগিক স্বরধ্বনির উদাহরণ দাও।

১

(গ) উচ্চারণ স্থান অনুযায়ী কোন বর্ণকে মূর্ধন্য ধ্বনি বলা হয়?

১

(ঘ) 'সূর্য' এবং 'বাঁটা' শব্দ দুটির শ্রেণি নির্দেশ করো।

$2/2+2/2$

(ঙ) 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

১

(চ) 'হাতিম' শব্দটি কোন মূল শব্দ থেকে এসেছে?

১

(ছ) একটি যৌগিক ক্রিয়াপদের উদাহরণ দাও।

১

(জ) 'দেখে যেন মনে হয় চিনি উহারে'।— অব্যয় চিহ্নিত করো।

১

(ঝ) 'নাগরিক' শব্দটির প্রত্যয় নিরূপণ করো।

$2/2+2/2$

(ঞ) নিজ হাতে খেতে দিলেন — রেখাঙ্কিত শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

১

(ট) বচন নির্দেশ করো — প্রতাহ, অনেক।

$2/2+2/2$

(ঠ) লিঙ্গ পরিবর্তন করো — হস্তী, সখী।

$2/2+2/2$

(ড) 'জীবনপথ' শব্দটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

১

(ঢ) 'হইছে' শব্দটি কোন উপভাষায় ব্যবহৃত হয়?

১

(ণ) সে পরম সুখে বঞ্চিত হইল — রেখাঙ্কিত শব্দের কারক ও বিভক্তি নির্ণয় করো।

$2/2+2/2$